

PRINT

# সমকালী

## স্কুল বন্ধ রেখে পিকনিকে গেলেন শিক্ষকরা

ত্রিশাল

১২ ঘণ্টা আগে

মতিউর রহমান সেলিম, ত্রিশাল (ময়মনসিংহ)



বারে পড়া রোধ ও পিছিয়ে পড়া জনগোষ্ঠীকে শিক্ষার মূল স্রোতে শামিল করতে যেখানে সরকার নিয়েছে নতুন উদ্যোগ, সেখানে ময়মনসিংহের ত্রিশালের ২২টি প্রাথমিক বিদ্যালয়ের ক্লাসরুম তালাবন্ধ রেখে গতকাল মঙ্গলবার শিক্ষকরা যান ড্রিম ভিলেজ পার্কে পিকনিকে।

বারে পড়া রোধ ও পিছিয়ে পড়া জনগোষ্ঠীকে শিক্ষার মূল স্রোতে শামিল করতে সব শিশুকে বছরের প্রথম দিনই বিনামূল্যের বই তুলে দেওয়া হয়। একজন শিশুও যাতে প্রাথমিক শিক্ষার বাইরে না থাকে সে লক্ষ্যে প্রাথমিকের সব শিশুই এসেছে উপবৃত্তির আওতায়। প্রতি মাসে ১০০ টাকা হারে উপবৃত্তি দেওয়া হচ্ছে। কিছুদিন আগেও গ্রামের স্কুলে মাল্টিমিডিয়া ক্লাসরুমের চিন্তা ছিল অকল্পনীয়। অথচ বিদ্যুৎ নেই, এমন গ্রামেও এখন পৌঁছে পেছে মাল্টিমিডিয়া ক্লাসরুম। সোলার প্যানেল বসিয়ে চালানো হচ্ছে এসব ক্লাস। আর ডিজিটাল কনটেন্ট, ভিডিও চিত্র ও ইন্টারনেটের মাধ্যমে পুরো বিশ্বই শিক্ষার্থীদের হাতের মুঠোয় চলে এসেছে। এ ছাড়া বেশ কিছু নতুন উদ্যোগ নিয়েছে সরকার, যা বাস্তবায়নের মাধ্যমে আলোকিত হচ্ছে পুরো শিক্ষাব্যবস্থা।

সরকারের রূপরেখা বাস্তবায়নে বাধাগ্রস্ত করে উপজেলার বাগান ক্লাস্টারের ২০টি প্রাথমিক বিদ্যালয় বন্ধ রেখে মঙ্গলবার চড়ুইভাবিতে উপজেলার কাঁঠাল ইউনিয়নের ড্রিম ভিলেজ পার্কে যান শিক্ষকরা। বন্ধ রাখা বিদ্যালয়গুলো হলো- কোনাবাড়ী, কোনাবাড়ী চৰপাড়া, কোনাবাড়ী জিসি, বাগান, বাগান নূরজাহান, বাগান আজিজিয়া, আউলতিয়া, আউলতিয়া কামাল উদ্দিন, পাঁচপাড়া, চক পাঁচপাড়া, পাঁচপাড়া সরকারবাড়ী, অলহরী ইজারাবদ, চিকনা, চিকনা তয়কারপাড়, আনিস মাঝান, মঠবাড়ী উত্তর, অলহরী দুর্গাপুর, অলহরী জয়দা, অলহরী খারৱ, সতেরপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয় ছাড়াও ত্রিশাল সরকারি প্রাথমিক বিদ্যালয় ও দরিয়ামপুর মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়।

পিকনিকে উপস্থিত ছিলেন জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা মোফাজ্জল হোসেন, উপজেলা ভাইস চেয়ারম্যান আশরাফুল ইসলাম, উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা নূর মোহাম্মদ ও সহকারী শিক্ষা কর্মকর্তা মোস্তাহেদা পারভিন মো।

এ ব্যাপারে বাগান ক্লাস্টারের উপজেলা প্রাথমিক সহকারী শিক্ষা কর্মকর্তা মোস্তাহেদা পারভিন মো জানান, শিক্ষকদের সংরক্ষিত ছুটি থেকেই আমাদের এ আয়োজন। তবে

শিক্ষার্থীদের সংরক্ষিত ছুটির বিষয়ে জানতে চাইলে কোনো সদুভূত দিতে পারেননি তিনি।

উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা নূর মোহাম্মদের কাছে এ ব্যাপারে জানতে চাইলে তিনি বলেন, এসব ছোটখাটো বিষয় নিয়ে প্রতিবেদন করার কোনো দরকার নেই।

---

© সমকাল 2005 - 2017

সম্পাদক : গোলাম সারওয়ার | প্রকাশক : এ কে আজাদ

১৩৬ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮ | ফোন : ৮৮৭০১৭৯-৮৫, ৮৮৭০১৯৫, ফ্যাক্স : ৮৮৭০১৯১, ৮৮৭৭০১৯৬, বিজ্ঞাপন : ৮৮৭০১৯০ | ইমেইল: info@samakal.com